

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শৃঙ্খলা অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.২৪.২০১৯-২৭৪

তারিখঃ

২২ জানুয়ারি ২০১৯

২৪/০৪.২০১৯

আদেশ

যেহেতু, ডাঃ সাহাবুব আরা আক্বাহী (১১২৭২৩), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, চকরিয়া, কক্সবাজার গত ২৫/০৮/২০১৮ হতে অদ্যাবধি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিসালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর দায়ে ১৩.০৩.২০১৯ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০২৪.২০১৯-১৫৪ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিস জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিসের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানীর প্রার্থনা করেন:


যেহেতু, তার জবাব পরীক্ষান্তে বিধান অনুযায়ী তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ডাঃ সাহাবুব আরা আক্বাহী (১১২৭২৩) গত ২৫.০৮.২০১৮ হতে ৩১.০১.২০১৯ তারিখ পর্যন্ত পীরগাছা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, রংপুরে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। তিনি Arthrities ও Pre-diabetes এ আক্রান্ত হয়ে অসুস্থ হলে ছুটির দরখাস্ত দাখিল করেন। কিন্তু যথাসময়ে ছুটির অননুমোদন না হওয়ায় ও ছুটি বিষয়ে তার অজ্ঞানতার জন্য তিনি উক্ত সময়ে কর্মস্থলে হাজির হতে পারেননি। তিনি তার এ কাজের জন্য লজ্জিত ও ক্ষমাপ্রার্থী। তবে একজন সরকারি কর্মকর্তা হিসেবে তার যথাযথ কর্তৃপক্ষের অনুমতি নিয়ে ছুটিতে যাওয়া সমীচীন ছিল। তিনি বর্তমানে কর্মস্থলে নিয়মিত উপস্থিত আছেন এবং কর্তব্য সঠিকভাবে পালন করছেন ;

সেহেতু, ডাঃ সাহাবুব আরা আক্বাহী (১১২৭২৩), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, চকরিয়া, কক্সবাজার এর বিরুদ্ধে আনীত অভিযোগ, লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য, সন্তোষজনক হওয়ায় এবং বর্তমানে চাকুরিরত রয়েছেন বিধায় তাকে এবারের মত সতর্ক করা হলো। তার অনুপস্থিতকালীন সময় ২৫.০৮.২০১৮ হতে ৩১.০১.২০১৯ তারিখ পর্যন্ত মোট ৫ মাস ৬ দিন বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করা হলো। তিনি ভবিষ্যতে এ বিষয়ে বকেয়া সুবিধাদি দাবি করতে পারবেন না। তাকে এ বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে



(মোঃ আসাদুল ইসলাম)
সচিব

তারিখঃ ২৪/০৪.২০১৯

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০২৪.২০১৯-২৭৪

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। উপসচিব (গার-১/৩ অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। উপপরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৫। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ৬। সিভিল সার্জন, কক্সবাজার।
- ৭। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, চকরিয়া, কক্সবাজার।
- ৮। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৯। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১০। ডাঃ সাহাবুব আরা আক্বাহী (১১২৭২৩), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, চকরিয়া, কক্সবাজার (পিডিএস ঠিকানাঃ হাজি কাজিমুদ্দিন রোড, লক্ষীনারায়ণপুর, মাইজদি কোর্ট)
(স্থায়ী ঠিকানাঃ মাকসুদা এভারগ্রীণ, হাউজ নং-৫/১২/, বি. রক, লালমাটিয়া হাউজিং সোসাইটি, ঢাকা)।
- ১১। অফিস কপি।


আবদুছ সালাম
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮